গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র অধিদপ্তর
বিটিএমসি ভবন (১০ম তলা)
৭-৯,কাওরান বাজার, ঢাকা-১২১৫।

প্রস্তাবিত নিবন্ধন সংখ্যা:-পরি:/কম্পো:-০০০০০৪০৯-১৯
তারিখ: ৩১/০৩/২০১৯ খ্রি:।

নং-২৪.০২.০০০০.০০৫.১৮.০৩৬.১৯-১৪১ তারিখ: ৩১/০৩/২০১৯ খ্রি:।

ব্যবস্থাপনা পরিচালক
পীর শাহজালাল নিটেক্স লিমিটেড
অফিস+কারখানা: কুতুব আইল, শিবু মার্কেট, ফতুল্লা, নারায়ণগঞ্জ।

বিষয়ঃ বস্ত্রশিল্প কারখানার অনুকূলে প্রস্তাবিত নিবন্ধন প্রদান।

প্রিয় মহোদয়,

আপনার ১২/০৩/২০১৯ ইং তারিখের আবেদন পত্রে প্রদত্ত তথ্যাদির ভিত্তিতে আপনার প্রস্তাবিত বস্ত্রশিল্প কারখানাটি ২নং ও ৩নং পৃষ্ঠার শর্তাবলী পালন সাপেক্ষে বস্ত্র অধিদপ্তরে নিম্নরূপে নিবন্ধিত হলো:

| | | | | |
|---|---|---|---|---|
| ১। | শিল্প কারখানার নাম:- পীর শাহজালাল নিটেক্স লিমিটেড (প্রস্তাবিত) | | | |
| ২। | ঠিকানা:- | | | |
| | (ক) অফিস: কুতুব আইল, শিবু মার্কেট, ফতুল্লা, নারায়ণগঞ্জ। | | | |
| | (খ) কারখানা: কুতুব আইল, শিবু মার্কেট, ফতুল্লা, নারায়ণগঞ্জ। | | | |
| ৩। | উদ্যোক্তাগণের নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জাতীয়তা,টেলিফোন, ফ্যাক্স এবং ই-মেইল নম্বর:<br>১। জনাব গোলাম কিবরিয়া (চেয়ারম্যান) ঠিকানা: বাসা নং-২১৯/৩, পশ্চিম দেওভোগ শেরে বাংলা রোড, নারায়ণগঞ্জ সদর-১৪০০, নারায়ণগঞ্জ; জাতীয়তা: বাংলাদেশী।<br>২। জনাব মো: ইকবাল হোসেন (ব্যবস্থাপনা পরিচালক) ঠিকানা: বাসা নং-৮২/২, পূর্ব রাজাশন, সাভার, ঢাকা; জাতীয়তা: বাংলাদেশী। | | | |
| ৪। | শিল্পের ধরণ (উপ-খাত): ''নিটিং এন্ড নিট গার্মেন্টস'' | | | |
| ৫। | বিনিয়োগের ধরন: স্থানীয় বিনিয়োগ | | | |
| ৬। | উৎপাদন আরম্ভের তারিখ:-৩০/০৯/২০১৯ খ্রি:। | | | |
| ৭। | বিনিয়োগ (প্রস্তাবিত):- | | | |
| | বিবরণ | | | মূল্য (মিলিয়ন টাকা) |
| | (ক) স্থানীয় সম্পদ: - | স্থানীয় মুদ্রায় | বৈদেশিক মুদ্রায় | মোট |
| | (১) জমি:- | ভাড়াকৃত | - | ভাড়াকৃত |
| | (২) কারখানা ভবন/শেড | ভাড়াকৃত | - | ভাড়াকৃত |
| | (৩) যন্ত্রপাতি ও সরঞ্জামাদি | ২৪.৭৬ মি: টাকা (প্রস্তাবিত) | - | ২৪.৭৬ মি: টাকা (প্রস্তাবিত) |
| | (৪) অন্যান্য | ১.০০ মি: টাকা (প্রস্তাবিত) | - | ১.০০ মি: টাকা (প্রস্তাবিত) |
| | (খ) চলতি মূলধন | ১.০০ মি: টাকা (প্রস্তাবিত) | - | ১.০০ মি: টাকা (প্রস্তাবিত) |
| | সর্বমোট টাকা (মিলিয়ন) | ২৬.৭৬ মি: টাকা (প্রস্তাবিত) | - | ২৬.৭৬ মি: টাকা (প্রস্তাবিত)<br>(০.৩৪৩ মিলিয়ন ইউএস ডলার) |
| ৮। | অর্থায়নের উৎস (প্রস্তাবিত): | | | (মিলিয়ন টাকা) |
| | উৎস | স্থানীয় মুদ্রায় | বৈদেশিক মুদ্রায় | মোট |
| | (ক) সমমূলধন (ইকুইটি) | ২৬.৭৬ মি: টাকা (প্রস্তাবিত) | -- | ২৬.৭৬ মি: টাকা (প্রস্তাবিত) |
| | (খ) স্থানীয় ঋণ | -- | -- | -- |
| | (গ) বৈদেশিক ঋণ | -- | -- | -- |
| | সর্বমোট | ২৬.৭৬ মি: টাকা (প্রস্তাবিত) | -- | ২৬.৭৬ মি: টাকা (প্রস্তাবিত) |

| ৯। | যন্ত্রপাতির তালিকা (প্রস্তাবিত): | | | |
|---|---|---|---|---|
| | যন্ত্রপাতির বিবরণ | সংখ্যা | মুল্য টাকায় | মূল্য (মিলিয়ন টাকা) |
| | (ক) স্থানীয়ভাবে সংগৃহীত--<br>(খ) আমদানীতব্য-- | ০৫ সেট<br>১২৪ সেট | --<br>-- | ৭.৭৬ মি: টাকা (প্রস্তাবিত)<br>১৭.০০ মি: টাকা (প্রস্তাবিত) |
| | সর্বমোট মূল্য:- | ১২৯ সেট | -- | ২৪.৭৬ মি: টাকা (প্রস্তাবিত) |

| ১০। | বার্ষিক উৎপাদন ক্ষমতা | | |
|---|---|---|---|
| | পণ্য/সেবার নাম | পরিমান ( গজ/পিস)/কেজি | মূল্য (মিলিয়ন টাকায়) |
| | (ক) নিট ফেব্রিক্স<br>(খ) টি শার্ট, পলো শার্ট, | ১,২০,০০০ কেজি<br>৭,২০,০০০ পিস | ২৩.৪০ মি: টাকা (প্রস্তাবিত)<br>১১২.৩২ মি: টাকা (প্রস্তাবিত) |

| ১১। | জনবলঃ- | স্থানীয় | বিদেশী | |
|---|---|---|---|---|
| | (ক) ব্যবস্থাপনা | ০৪ (চার) জন। | -- | ০৪ (চার) জন। |
| | (খ) কর্মচারী/শ্রমিক | ৩০০ (তিনশত) জন। | -- | ৩০০ (তিনশত) জন। |
| | | | | মোট =৩০৪(তিনশত চার) জন (প্রস্তাবিত)। |
| ১২। | বিপণনঃ | | স্থানীয় ০০ % | রপ্তানি ১০০ % |

শর্তাবলীঃ

০১। কারখানা ভবনের উপযুক্ততার সনদ এবং যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক কারখানার লে-আউট প্ল্যান অনুমোদিত থাকতে হবে। কারখানা ভবন সংক্রান্ত যে কোন দুর্ঘটনার জন্য মালিক পক্ষ দায়ী থাকবে এবং সকল দায়-দায়িত্ব বহন করবেন।

০২। অগ্নি নির্বাপক সরঞ্জামাদি যথাযথ স্থানে কার্যকরী অবস্থায় স্থাপন করতে হবে এবং ফায়ার লাইসেন্স যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক গ্রহণ করতে হবে। অগ্নি সংক্রান্ত যে কোন দুর্ঘটনার জন্য মালিক পক্ষ দায়ী থাকবে এবং সকল দায়-দায়িত্ব বহন করবেন।

০৩। প্রস্তাবিত বস্ত্রশিল্প কারখানার জন্য নির্ধারিত বহুতল ভবনটির ক্যাপিটাল মেশিনারীজ ও অন্যান্য যন্ত্রাংশ সমূহের ধারণ ক্ষমতা সম্পন্ন হতে হবে। আইইবি সদস্যভূক্ত প্রকৌশলী কর্তৃক কারখানা ভবনের ভারবহন ক্ষমতা পরীক্ষান্তে সিল-স্বাক্ষরিত প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে। এছাড়া কারখানা ভবনে একাধিক সিঁড়ির ব্যবস্থা থাকতে হবে। ভবন সংক্রান্ত যে কোন দুর্ঘটনার জন্য মালিক পক্ষ দায়ী থাকবে এবং সকল দায়-দায়িত্ব বহন করবেন।

০৪। প্রস্তাবিত প্রকল্পটি বাস্তবায়নে জাতীয়/আর্ন্তজাতিক অর্থলগ্নীকারী কোন সরকারী বা বেসরকারী সংস্থা/প্রতিষ্ঠানের সাথে আর্থিক লেনদেন সংক্রান্ত কোন বিষয়ে এই নিবন্ধন পত্রের কোন সম্পৃক্ততা থাকবেনা।

০৫। শিল্প কারখানার মালিকানা অথবা কারখানা অবস্থানের পরিবর্তন অথবা মেশিনারীজ সমূহ স্থানান্তর/বিক্রি তাৎক্ষনিকভাবে বস্ত্র অধিদপ্তর'কে অবহিত করতে হবে।

০৬। বাধ্যতামূলক সার্টিফিকেশন মার্কস-এর আওতাভুক্ত শিল্প পণ্য বাংলাদেশ স্ট্যান্ডার্ড এন্ড টেস্টিং ইনস্টিটিউশন (বিএসটিআই) কর্তৃক নির্ধারিত/প্রণীত মানসম্পন্ন হতে হবে এবং বাজারজাত করার পূর্বে বিএসটিআই এর ছাড়পত্র গ্রহণ করতে হবে।

০৭। শিল্প প্রতিষ্ঠানের কোনরূপ বর্জ্য পদার্থ পরিশোধন না করে নিকটস্থ কোন নদী, সংযোগ খাল বা সাধারণ জলাশয়ে নির্গত করা যাবে না। পানি শোধানাগার/ইটিপি প্ল্যান অবশ্যই স্থাপন ও কার্যকর রাখতে হবে। শিল্প প্রকল্প স্থাপনের পূর্বে বিদ্যমান পরিবেশ আইনের শর্তাবলী প্রতিপালন করতে হবে।

০৮। বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ সহ বিদ্যমান আইনকানুন ও বিধিমালা প্রতিপালন করতে হবে।

০৯। সরকারের বিদ্যমান আমদানী নীতির আওতায় মূলধনী যন্ত্রপাতি, খুচরা যন্ত্রাংশ এবং কাঁচামাল/মোড়ক সামগ্রী আমদানী করতে হবে।

১০। শিল্প কারখানার উৎপাদনে যাওয়ার পূর্ব পর্যন্ত প্রতি বছর জানুয়ারী মাসে মহাপরিচালক বস্ত্র অধিদপ্তর এর নিকট সংযুক্ত ছক মোতাবেক প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত অগ্রগতির প্রতিবেদন দাখিল করতে হবে।

১১। কোন অবস্থাতেই শিশু শ্রমিক (১৫ বৎসর বয়সের কম) নিয়োগ দেয়া যাবে না।

১২। এই রেজিস্ট্রেশন সংশ্লিষ্ঠ প্রতিষ্ঠানকে বিধিভুক্ত কোন দায় থেকে মুক্তি প্রদান করবে না। কোন শর্ত ভঙ্গ বা কোন বিধি প্রতিপালন না করার ফলে কোন দূর্ঘটনা ঘটলে সে বিষয়ে কারখানা কর্তৃপক্ষ দায়ী থাকবেন ।

১৩। রপ্তানীমূখী শিল্পের ক্ষেত্রে উৎপাদিত পণ্য নিবন্ধন পত্রের বিপনন অনুচ্ছেদে উল্লেখিত হারে (%) রপ্তানি করতে হবে।

১৪। অত্র অধিদপ্তরের যে কোন কর্মকর্তা ও পরিদর্শক কারখানা চলাকালীন যে কোন সময়ে কারখানা পরিদর্শন করতে পারবে।